জলবায়ুর বিরূপ প্রভাবে ভোলার চরাঞ্চলের শিশুরা স্বাস্থ্য ঝুঁকিতে

written by Chandradip News24 | November 19, 2024

জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবের কারণে ভোলার চরাঞ্চলের শিশুরা মারাত্মক স্বাস্থ্য ঝুঁকির মধ্যে পড়েছে। প্রান্তিক এসব এলাকার শিশুরা নানা ধরনের রোগ, মহামারী, পুষ্টিহীনতা, দুর্ঘটনা, এবং পরিবেশগত সংকটের শিকার হচ্ছে। পাশাপাশি তাদের শারীরিক ও মানসিক বিকাশে মারাত্মক বাধার সম্মুখীন হচ্ছে, এবং পড়াশোনায়ও ব্যাপক বিঘ্ন ঘটছে।

সরেজমিনে ভোলা সদরের মেঘনা তীরবর্তী মাঝের চরে গিয়ে স্থানীয় বাসিন্দাদের সঙ্গে কথা বললে জানা যায়, গৃহিণী রাবেয়া বেগমের ৪ বছর বয়সী ছেলে জামাল জন্মের পর থেকে নানা শারীরিক সমস্যায় ভুগছেন। তিনি জানান, “জামাল সবসময় জ্বরে ভোগে, সর্দি-কাশি, আমাশয় প্রায় হয়েই থাকে, গরমে শরীরে ফোঁসকা উঠে। ডাক্তার দেখালেও রোগের সঠিক পরিচয় মিলছে না, এবং তাকে নিয়ে দিন কাটানো খুব

[illegible]”

[illegible] [illegible], [illegible] [illegible] [illegible], “[illegible] [illegible] [illegible] [

উল্লেখ্য, চরাঞ্চলের শিশুরা শুধু শারীরিক সমস্যায় ভুগছে না, বরং সামাজিক সমস্যাও তাদের জীবনে ব্যাপক প্রভাব ফেলছে। জীবন-জীবিকার সংকটে অনেক পরিবার উদ্বাস্তু হয়ে পড়ছে এবং প্রজনন স্বাস্থ্যসেবা থেকেও বঞ্চিত হচ্ছে।

মো: তুহিন হোসেন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম